# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩৬৮.১৭-৪৯১

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নজরুল বর্ষ উপলক্ষে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত নির্দেশিকা জারি করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে "নজরুল বর্ষ উপলক্ষে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত নির্দেশিকা" অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

(মোঃ আল মাসুদ করিম)
সচিব (উপসচিব)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩৬৮.১৭-৪৯১(১০)

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২৬ খ্রি.

বিতরণঃ সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩-৭। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আব্দুল্লা আল মাবুদ)
উপসচিব (প্রশাসন) অঃ দাঃ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**

## নজরুল বর্ষ উপলক্ষে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত নির্দেশিকা

**উদ্বোধন : ৩১ আগস্ট, ২০২৬**

**প্রতিযোগিতা : ০২ সেপ্টেম্বর হতে ৩১ অক্টোবর ২০২৬**

১. **উদ্দেশ্য:**

- জাতীয় পর্যায়ে নজরুল চর্চা ও সংরক্ষণ
- ভবিষ্যৎ প্রজন্মকে সাংস্কৃতিক কর্মকান্ডে সম্পৃক্ত করা
- ছাত্র-ছাত্রীদের মাঝে সৃজনশীলতা বিকাশ ও প্রতিভা অন্বেষণ
- জাতীয় পর্যায়ে একতা ও সম্প্রীতি জোরদার করা

## ২. প্রতিযোগিতার বিষয়সমূহ:

| শিক্ষা প্রতিষ্ঠান | গ্রুপ | প্রতিযোগিতার বিষয়াবলী | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন স্কুল | গ্রুপ-ক (১ম ও ২য় শ্রেণি) | নজরুল সঙ্গীত (যে কোনো) | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>ভোর হলো<br>খোকার সাধ | চিত্রাংকন (বিভিন্ন বয়সে ও বিভিন্ন রূপে নজরুল) | অভিনয় (একক) কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশ বিশেষ)<br>সময়-৫ মি. | নৃত্য (একক) (নজরুল সংগীত ভিত্তিক) |
| | গ্রুপ-খ (৩য়-৫ম শ্রেণি) | নজরুল সঙ্গীত (যে কোনো) | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>১.খুকি কাঠবিড়ালী<br>২. মোসাহেব<br>৩. লিচু চোর | চিত্রাংকন (বিভিন্ন বয়সে ও বিভিন্ন রূপে নজরুল) | অভিনয় (একক) কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশ বিশেষ)<br>সময়-৫ মি. | নৃত্য (একক) (নজরুল সংগীত ভিত্তিক) |
| কারিগরি ও মাধ্যমিক বিদ্যালয় | গ্রুপ-ক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) | নজরুল সঙ্গীত (যে কোনো) | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>সংকল্প<br>কান্ডারি হুশিয়ার | চিত্রাংকন (বিভিন্ন বয়সে ও বিভিন্ন রূপে নজরুল) | অভিনয় (একক) কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশ বিশেষ)<br>সময়-৫ মি. | নৃত্য (একক) (নজরুল সংগীত ভিত্তিক) |
| | গ্রুপ-খ (৯ম-১০ম শ্রেণি) | নজরুল সঙ্গীত (যে কোনো) | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>১.বিদ্রোহী<br>২.মানুষ<br>৩.ওমর ফারুক | চিত্রাংকন (বিভিন্ন বয়সে ও বিভিন্ন রূপে নজরুল) | অভিনয় (একক) কাজী নজরুল ইসলাম রচিত গল্প/নাটক (সম্পূর্ণ অথবা অংশ বিশেষ)<br>সময়-৫ মি. | নৃত্য (একক) (নজরুল সংগীত ভিত্তিক) |

| শিক্ষা প্রতিষ্ঠান | গ্রুপ | প্রতিযোগিতার বিষয়াবলী | | | | |
|---|---|---|---|---|---|---|
| মাদ্রাসা | এবতেদায়ী<br>গ্রুপ-ক (১ম-২য়) | নজরুলের ইসলামিক সংগীত/গজল। | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>১. ভোর হলো<br>২. খোকার সাধ : (আমি হব সকাল ....) | কবি নজরুল রচিত হামদ ও নাত। | ------- | ------- |
| | এবতেদায়ী<br>গ্রুপ-খ (৩য়-৫ম) | নজরুলের ইসলামিক সংগীত/গজল। | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>১. মা<br>২. সংকল্প | কবি নজরুল রচিত হামদ ও নাত। | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: 'আমার চোখে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম' | নির্ধারিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি বিষয় নির্ধারণ করবে |
| | দাখিল<br>গ্রুপ-ক (৬ষ্ঠ-৮ম) | নজরুলের ইসলামিক সংগীত/গজল। | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>১. ঝিঙে ফুল<br>২. কুলি মজুর | কবি নজরুল রচিত হামদ ও নাত। | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: নজরুলের দেশপ্রেম | উপস্থিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি বিষয় নির্ধারণ করবে |
| | দাখিল<br>গ্রুপ-খ (৯ম-১০ম) | নজরুলের ইসলামিক সংগীত/গজল। | কবিতা আবৃত্তি<br>কবিতাসমূহ:<br>১. মানুষ<br>২. নারী | কবি নজরুল রচিত হামদ ও নাত। | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: নজরুল সাহিত্য ও সঙ্গীতে ইসলামের সাম্যের ধারনা | উপস্থিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি বিষয় নির্ধারণ করবে |
| | আলিম | নজরুলের ইসলামিক সংগীত/গজল। | নজরুলের কবিতা আবৃত্তি (যে কোনো) | কবি নজরুল রচিত হামদ ও নাত। | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: তারুণ্য ও নজরুল | উপস্থিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি বিষয় নির্ধারণ করবে |
| | (ফাজিল ও কামিল) | নজরুলের ইসলামিক সংগীত/গজল। | নজরুলের কবিতা আবৃত্তি (যে কোনো) | কবি নজরুল রচিত হামদ ও নাত। | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: নজরুল ও মানুষের মুক্তি | উপস্থিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি বিষয় নির্ধারণ করবে |
| কলেজ (উচ্চ মাধ্যমিক ও সমমান, স্নাতক, স্নাতকোত্তর) | গ্রুপ-ক (১১শ-১২শ শ্রেণি) | নজরুল সঙ্গীত (যে কোনো) | নজরুলের কবিতা আবৃত্তি (যে কোনো) | অভিনয় (একক) (নজরুল সাহিত্য ভিত্তিক অভিনয়) সময়-৫ মি. | নৃত্য (একক) (নজরুল সংগীত ভিত্তিক) | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: তারুণ্য ও নজরুল |
| | গ্রুপ-খ (স্নাতক ও স্নাতকোত্তর) | নজরুল সঙ্গীত (যে কোনো) | নজরুলের কবিতা আবৃত্তি (যে কোনো) | অভিনয় (একক) (নজরুল সাহিত্য ভিত্তিক অভিনয়) সময়-৫ মি. | নৃত্য (একক) (নজরুল সংগীত ভিত্তিক) | রচনা প্রতিযোগিতা<br>বিষয়: তারুণ্য ও নজরুল |
| বিশ্ববিদ্যালয় | - | নজরুল সঙ্গীত (যে কোনো) | নজরুলের কবিতা আবৃত্তি (যে কোনো) | অভিনয় (একক) (নজরুল সাহিত্য ভিত্তিক অভিনয়) সময়-৫ মি. | নৃত্য (একক) (নজরুল সংগীত ভিত্তিক) | উপস্থিত বক্তৃতা<br>সংশ্লিষ্ট কমিটি বিষয় নির্ধারণ করবে |

বি: দ্র: (১) রচনা অবশ্যই মৌলিক হতে হবে।

(২) হাতে লিখে জমা দিতে হবে।

(৩) বই, প্রবন্ধ বা লেখকদের রেফারেন্স দিতে হবে।

(৪) রচনার মোট শব্দের সংখ্যা এবতেদায়ী পর্যায়ে ৫০০, দাখিল পর্যায়ে ১,০০০, উচ্চমাধ্যমিক ও সমমান এবং আলিম পর্যায়ে ১,৫০০, স্নাতক, স্নাতকোত্তর এবং ফাজিল ও কামিল পর্যায়ে ২,০০০-এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

**৩. প্রতিযোগিতায় অংশগ্রহণকারী:** নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে:

(ক) সকল প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডারগার্টেন স্কুল

(খ) মাধ্যমিক বিদ্যালয়

(গ) কারিগরি বিদ্যালয় (মাধ্যমিক পর্যায়)

(ঘ) মাদ্রাসা (এবতেদায়ী হতে কামিল পর্যায়)

(ঙ) কলেজ (উচ্চ মাধ্যমিক ও সমমান, স্নাতক, স্নাতকোত্তর)

(চ) বিশ্ববিদ্যালয়

বি: দ্র: (১) প্রাথমিক বিদ্যালয় বলতে সকল সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে বুঝাবে।
(২) মাধ্যমিক বলতে সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক (৬ষ্ঠ-১০ম) বিদ্যালয়কে বুঝাবে।
(৩) মাদ্রাসা বলতে এবতেদায়ী হতে কামিল পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি মাদ্রসাকে বুঝাবে।
(৪) কলেজ বলতে সকল সরকারি ও বেসরকারি কলেজ (উচ্চ মাধ্যমিক ও সমমান, স্নাতক, স্নাতকোত্তর) বুঝাবে।
(৫) বিশ্ববিদ্যালয় বলতে সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় বুঝাবে।

**৪. মতবিনিময় সভা:**

| তারিখ | পর্যায় |
|---|---|
| ১৩-১৯ আগস্ট | বিভাগ |
| ২০ আগস্ট | জেলা |
| ২৩ আগস্ট | উপজেলা |

- বিভাগীয় পর্যায়ের মতবিনিময় সভাসমূহে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা/সচিব, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করবেন। এছাড়া, সংশ্লিষ্ট বিভাগের জেলা প্রশাসকগণ মতবিনিময় সভায় উপস্থিত থাকবেন।
- জেলা প্রশাসক জেলা পর্যায়ে জেলা কমিটির সদস্যদের নিয়ে মতবিনিময় সভা করবেন। উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা কমিটির সকল সদস্যদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করবেন।
- সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ স্থানীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ করবেন।
- বিশ্ববিদ্যালয় পর্যায়ে স্ব স্ব কর্তৃপক্ষ নিজেদের সুবিধাজনক সময়ে মতবিনিময় সভা আয়োজন করবেন।

**৫. প্রতিযোগিতা আয়োজনের পরিকল্পনা ও প্রস্তুতি:** ২১-৩০ আগস্ট ২০২৬

- বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে বিভিন্ন কমিটি গঠন
- বিচারক মনোনয়ন

**৬. প্রতিযোগিতার উদ্বোধন:**

| তারিখ | পর্যায় |
|---|---|
| ৩১ আগস্ট ২০২৬ | সমগ্র দেশে একযোগে উদ্বোধন (সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলা পর্যায়ে) |

- **৩১ আগস্ট ২০২৬ তারিখ সোমবার সকাল ১০.০০ টায়** দেশব্যাপী একযোগে সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলা পর্যায়ে উদ্বোধন অনুষ্ঠান আয়োজন করতে হবে।
- সিটি কর্পোরেশন, জেলা ও উপজেলার শিক্ষার্থীদের সমাবেশের মধ্য দিয়ে এই উদ্বোধন অনুষ্ঠানটি অনুষ্ঠিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে সিটি কর্পোরেশন পর্যায়ে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা/সংসদ সদস্য/প্রশাসক/বিভাগীয় কমিশনার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়া, জেলা পর্যায়ে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা/সংসদ সদস্য/বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে মাননীয় সংসদ সদস্য/উপজেলা নির্বাহী অফিসার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এলাকার সংস্কৃতিজন, শিক্ষানুরাগী, গণ্যমান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ, গণমাধ্যম কর্মীদের উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রণ জানাতে হবে।
- উদ্বোধনী অনুষ্ঠানে একটি সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে 'চল্ চল্ চল্' 'দুর্গম গিরি কান্তার মরু' ও 'একি অপরূপ রূপে মা তোমার' গান তিনটি সমবেতভাবে পরিবেশন করতে হবে।

**৭. বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতা আয়োজনের সময়কাল:**

| ক্রমিক | শিক্ষা প্রতিষ্ঠান | পর্যায় | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রতিযোগিতা উদ্বোধন | স্কুল/মাদ্রাসা/কলেজ পর্যায়ে প্রতিযোগিতা | সিটি কর্পোরেশন এবং উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা | জেলা পর্যায়ে প্রতিযোগিতা | বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা | জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা |
| ১. | প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন স্কুল, মাধ্যমিক ও কারিগরী বিদ্যালয় | ৩১ আগস্ট সিটি কর্পোরেশন/জেলা/উপজেলা পর্যায়ে | ২, ৩, ৬, ৭, ৮ সেপ্টেম্বর | ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ২০, ২১, ২২ সেপ্টেম্বর | ১, ৪ ৫, ৬, ৭, ৮ অক্টোবর | ১৩, ১৪, ১৫ অক্টোবর | ২৭, ২৮, ২৯ অক্টোবর |
| ২. | মাদ্রাসা (এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল, কামিল) | ঐ | ১৩, ১৪, ১৫ সেপ্টেম্বর | ৩০ সেপ্টেম্বর ১-৪ অক্টোবর | ১৩, ১৪, ১৫ অক্টোবর | ২৫, ২৬ অক্টোবর | ৩০, ৩১ অক্টোবর |
| ৩. | কলেজ (উচ্চমাধ্যমিক ও সম্মান, স্নাতক ও স্নাতকোত্তর) | ঐ | ১৩, ১৪, ১৫ সেপ্টেম্বর | ৩০ সেপ্টেম্বর ১-৪ অক্টোবর | ১৩, ১৪, ১৫ অক্টোবর | ২৭, ২৮ অক্টোবর | ৩০, ৩১ অক্টোবর |
| ৪. | বিশ্ববিদ্যালয় | ঐ | - | হল/অনুষদ পর্যায়ে প্রতিযোগিতা ২, ৩, ৬, ৭, ৮ সেপ্টেম্বর | - | কেন্দ্রীয় পর্যায়ে প্রতিযোগিতা ২৫-২৮ অক্টোবর | ৩০, ৩১ অক্টোবর |

**৮. প্রতিযোগিতার পর্যায়সমূহ:**

- বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ পর্যায়ের প্রতিযোগিতায় বিভিন্ন বিষয়ের বিজয়ীগণ উপজেলা পর্যায়ে, উপজেলা পর্যায়ের বিজয়ীগণ জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের বিজয়ীগণ বিভাগ পর্যায়ে এবং বিভাগ পর্যায়ের বিজয়ীগণ জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- পাবলিক এবং প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহ হল/অনুষদ পর্যায়ে (প্রযোজ্যক্ষেত্রে) প্রতিযোগিতার আয়োজন করবে। হল/অনুষদ পর্যায়ে ১ম স্থান অধিকারীগণ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। কেন্দ্রীয় পর্যায়ে প্রতিটি বিষয়ে ১ম স্থান অধিকারী জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- একজন শিক্ষার্থী সর্বোচ্চ ০৩(তিন)টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিটি বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজ হতে প্রতিটি বিষয়ে প্রতিযোগিদের মধ্যে হতে ১ম স্থান অধিকারীগণ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- প্রতি উপজেলায় (পৌরসভাসহ) প্রতিটি বিষয়ে প্রতিযোগিদের মধ্যে হতে কেবল মাত্র ১ম স্থান অধিকারীগণ জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- **সিলেট, বরিশাল, নারায়ণগঞ্জ, কুমিল্লা, রংপুর, ময়মনসিংহ ও গাজীপুর সিটি কর্পোরেশনের** অন্তর্ভুক্ত। বিদ্যালয়সমূহ বিদ্যালয় পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতায় ১ম স্থান **অধিকারীগণ** সংশ্লিষ্ট সদর উপজেলায় প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;
- **ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা সিটি কর্পোরেশনের** শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্ব স্ব প্রতিষ্ঠানে প্রতিযোগিতা সম্পন্ন করে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারীগণ সিটি কর্পোরেশন কমিটি কর্তৃক আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;
- সিটি কর্পোরেশন কমিটি কর্তৃক আয়োজিত প্রতিযোগিতায় ১ম স্থান অধিকারিগণ জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;
- প্রতিটি জেলা থেকে প্রতিটি বিষয়ে প্রতিযোগিদের মধ্য হতে ১ম স্থান অধিকারীগণ বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- প্রতিটি বিভাগ থেকে প্রতি বিষয়ে ১ম স্থান অর্জনকারী প্রতিযোগিগণ জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবে।
- **জাতীয় পর্যায়ে ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান মাননীয় প্রধানমন্ত্রীর সুবিধাজনক সময়ে আয়োজিত হবে।**

**৯. নজরুল বিষয়ক আলোচনা সভা, সেমিনার ও কর্মশালা:**

- বিশ্ববিদ্যালয়সমূহ ৩১ অক্টোবর ২০২৬ এর মধ্যে নজরুলের সৃষ্টিকর্মের ওপর সেমিনারের আয়োজন করবে।
- বিদ্যালয়, মাদ্রাসা ও কলেজ পর্যায়ে ৩১ অক্টোবর ২০২৬ এর মধ্যে নজরুলের সৃষ্টিকর্মের ওপর আলোচনা সভার আয়োজন করবে।
- উপজেলা পর্যায়ে ৩১ অক্টোবর ২০২৬ এর মধ্যে নজরুলের সৃষ্টিকর্মের ওপর স্থানীয় গুরুত্বপূর্ণ নজরুল-চর্চাবিদদের সমন্বয়ে একটি সেমিনার বা কর্মশালা আয়োজন করবে।
- অনুরূপভাবে জেলা, সিটি কর্পোরেশন ও বিভাগীয় পর্যায়েও ৩১ অক্টোবর ২০২৬ এর মধ্যে সেমিনার/কর্মশালা আয়োজন করবে।
- এছাড়া, জাতীয় পর্যায়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সেমিনার/কর্মশালাসহ বিশেষ কর্মসূচি গ্রহণ করবে।

**১০. আয়োজক কমিটি:**

নজরুল বর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনার জন্য উপজেলা, জেলা, সিটি কর্পোরেশন, বিভাগ এবং জাতীয় পর্যায়ে নিম্নরূপভাবে কমিটি গঠিত হবে:

**১০.১ জাতীয় কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মাননীয় উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | বিভাগীয় কমিশনার, ঢাকা | সদস্য |
| ৭. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | সদস্য |
| ৮. | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ৯. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১০. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১১. | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১২. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১৩. | নির্বাহী পরিচালক, জাতীয় কবি নজরুল ইনস্টিটিউট | সদস্য |
| ১৪. | মহাপরিচালক, বাংলা একাডেমি | সদস্য |
| ১৫. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | সদস্য |
| ১৬. | মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব- এর নীচে নয়) | সদস্য |
| ১৭. | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব- এর নীচে নয়) | সদস্য |
| ১৮. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ১৯. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২০. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব-এর নীচে নয়) | সদস্য |

| | | |
|---|---|---|
| ২১. | তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব-এর নীচে নয়) | সদস্য |
| ২২. | যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ২৩. | যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ২৪. | যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ২৫. | যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য |
| ২৬. | চেয়ারম্যান, কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড | সদস্য |
| ২৭. | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধি | সদস্য |
| ২৮. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের নৃত্যকলা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ২৯. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩০. | জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩১. | জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৩২. | মহা-পুলিশ পরিদর্শকের প্রতিনিধি (এআইজিপি-এর নীচে নয়) | সদস্য |
| ৩৩. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব এর নীচে নয়) | সদস্য |
| ৩৪. | সভাপতি/সাধারণ সম্পাদক, জাসাস | সদস্য |
| ৩৫. | নজরুল গবেষক/শিল্পী/আবৃত্তিকার ৫ (পাঁচ) জন | সদস্য |
| ৩৬. | যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য সচিব |

## ১০.২ জাতীয় কমিটির কার্যপরিধি:

ক. প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলী প্রণয়ন ও প্রয়োজনীয় যাবতীয় দিক-নির্দেশনা প্রদান এবং প্রতিযোগিতার তারিখ ও সময় নির্ধারণ;

খ. পুরস্কার নির্ধারণ;

গ. প্রতিযোগিতা সংক্রান্ত বাজেট অনুমোদন;

ঘ. বিভাগীয় পর্যায়ে বিজয়ীদের অংশগ্রহণে জাতীয় প্রতিযোগিতা পরিচালনা ও এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

ঙ. প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ;

চ. চূড়ান্ত প্রতিযোগিতা অন্তে জাতীয় পর্যায়সহ সকল পর্যায়ের সেরা প্রতিযোগিদের সমন্বিত তালিকা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিটিভি ও বাংলাদেশ বেতারে প্রেরণ;

ছ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

## ১০.৩ বিভাগীয় কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| ২. | ডিআইজি (সংশ্লিষ্ট) | সদস্য |
| ৩. | মেট্রোপলিটন পুলিশ কমিশনার এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা প্রশাসক (সকল) | সদস্য |
| ৫. | অধ্যক্ষ, সরকারি কলেজ (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. | অধ্যক্ষ, আলিয়া মাদ্রাসা (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | উপপরিচালক, স্বাস্থ্য বিভাগ | সদস্য |
| ৮. | উপপরিচালক (মাধ্যমিক শিক্ষা) | সদস্য |
| ৯. | বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা | সদস্য |

| | | |
|---|---|---|
| ১০. | বিভাগীয় সদরের জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১১. | বিভাগীয় সদরের জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১২. | সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড-এর চেয়ারম্যানের মনোনীত প্রতিনিধি ০১(এক) জন | সদস্য |
| ১৩. | সিটি করপোরেশন এর একজন প্রতিনিধি | সদস্য |
| ১৪. | প্রতিনিধি, জাসাস ০১(এক) জন | সদস্য |
| ১৫. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ০৩ (তিন) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৬. | বিভাগীয় সদরের জেলা কালচারাল অফিসার | সদস্য |
| ১৭. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সাধারণ/উন্নয়ন) | সদস্য সচিব |

**১০.৪ বিভাগীয় কমিটির কার্যপরিধি:**

ক. বিভাগীয় পর্যায়ে সকল প্রতিযোগিতার সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

খ. প্রতিযোগিতা শেষে বিভাগের বিজয়ীদের সমন্বিত তালিকা জাতীয় কমিটির নিকট প্রেরণ;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**১০.৫ জেলা কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্যবৃন্দ | উপদেষ্টা |
| ২. | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩. | পুলিশ সুপার | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রশাসক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | সরকারি কলেজ এবং বেসরকারি কলেজের অধ্যক্ষের ০২জন প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. | অতিরিক্ত জেলা প্রশাসক (শি.উ./সা.) | সদস্য |
| ৭. | সিভিল সার্জন | সদস্য |
| ৮. | উপজেলা নির্বাহী অফিসার (সকল) | সদস্য |
| ৯. | সুপারিনটেনডেন্ট (পিটিআই) | সদস্য |
| ১০. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১১. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১২. | জেলা তথ্য অফিসার | সদস্য |
| ১৩. | মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ০১ (এক)জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪. | সভাপতি, জেলা প্রেস ক্লাব | সদস্য |
| ১৫. | সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা জাসাস | সদস্য |
| ১৬. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ০৩ (তিন) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৭. | সদর উপজেলার মডেল সপ্রাবি-র প্রধান শিক্ষক/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ কারিগরী বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ১৮. | জেলা কালচারাল অফিসার | সদস্য সচিব |

**১০.৬ জেলা কমিটির কার্যপরিধি:**

ক. জেলা পর্যায়ে সকল প্রতিযোগিতার সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

খ. প্রতিযোগিতা শেষে জেলার বিজয়ীদের সমন্বিত তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**১০.৭ সিটি কর্পোরেশন কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | প্রশাসক, সিটি কর্পোরেশন | উপদেষ্টা |
| ২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সভাপতি |
| ৩. | প্রধান শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন | সদস্য |
| ৪. | আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ( সকল), সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন | সদস্য |
| ৫. | সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত সরকারি কলেজের ১(এক)জন অধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তিত্ব ২(দুই) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | জাসাসের প্রতিনিধি | সদস্য |
| ৮. | তথ্য কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি করপোরেশন | সদস্য |
| ৯. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১০. | সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ১(এক)জন প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১(এক)জন প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত মাদ্রাসার ১(এক)জন অধ্যক্ষ/সুপার (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত বেসরকারি স্কুল এন্ড কলেজের একজন অধ্যক্ষ/উপাধ্যক্ষ (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪. | জেলা কালচারাল অফিসার, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ১৫. | সচিব/ প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সদস্য সচিব |

**১০.৮ সিটি কর্পোরেশন কমিটির কার্যপরিধি:**

ক. সিটি কর্পোরেশন পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

খ. প্রতিযোগিতা শেষে সিটি কর্পোরেশনের বিজয়ীদের সমন্বিত তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**১০.৯ উপজেলা কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| ২. | প্রশাসক, পৌরসভা | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৬. | অফিসার ইন চার্জ | সদস্য |
| ৭. | সরকারি কলেজের অধ্যক্ষের প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত কলেজ) | সদস্য |
| ৮. | ইন্সট্রাক্টর, ইউআরসি | সদস্য |
| ৯. | সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) | সদস্য |
| ১০. | উপজেলা সদরের উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |

| | | |
|---|---|---|
| ১১. | কারিগরী বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | মাদ্রাসার অধ্যক্ষ/সুপার (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | প্রধান শিক্ষক, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় | সদস্য |
| ১৪. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক (সকল) | সদস্য |
| ১৫. | সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা জাসাস | সদস্য |
| ১৬. | সংস্কৃতি অনুরাগী ব্যক্তি ৩ (তিন) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৭. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

**১০.১০ উপজেলা কমিটির কার্যপরিধি:**

ক. উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠু আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যসম্পাদন;

খ. প্রতিযোগিতা শেষে উপজেলার বিজয়ীদের সমন্বিত তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**১১. প্রতিযোগিতার নিয়ম-কানুন:**

এ প্রতিযোগিতা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নির্দেশিকা ও আয়োজক কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে। প্রতিযোগিতা পরিচালনার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা বা জটিলতা দেখা দিলে প্রচলিত নিয়ম অনুসারে নিষ্পত্তি করতে হবে।

**১২. প্রচারণা:**

- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান ও গরুত্বপূর্ণ স্থানসমূহে পোস্টার, ব্যানার ও ফেস্টুনের মাধ্যমে সাংস্কৃতিক প্রতিযোগিতার বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে।।
- প্রতিটি ক্ষেত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো ব্যবহার বাধ্যতামূলক। এছাড়া প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে এই লোগোটি দৃশ্যমান স্থানে বড় আকারে ব্যবহার করতে হবে।

**১৩. প্রতিযোগিতা পরিচালনার জন্য বিচারক মনোনয়ন:**

- কলেজ পর্যায়ে অধ্যক্ষ কর্তৃক প্রতিযোগিতার বিচারক মনোনীত হবেন।
- বিদ্যালয় এবং মাদ্রাসা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক বিচারক মনোনীত হবেন।
- উপজেলা, জেলা/সিটি কর্পোরেশন, বিভাগ এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক বিচারক মনোনীত হবেন।
- প্রতিযোগিতা চলাকালীন বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- সকল পর্যায়ে বিচারক মনোনয়নের ক্ষেত্রে শিক্ষক/নজরুল বিশেষজ্ঞ/শিল্পী/সংস্কৃতি অনুরাগী নিরপেক্ষ ব্যক্তিবর্গ প্রাধান্য পাবেন।

**১৪. প্রতিযোগিতার পুরস্কার:**

- জাতীয় পর্যায়ে চূড়ান্তভাবে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীকে যথাক্রমে স্বর্ণ, রৌপ্য, ব্রোঞ্জ পদক এবং সনদপত্র প্রদান করা হবে;
- প্রতিটি পর্যায়ে বিজয়ীদের স্থানীয়ভাবে ক্রেস্ট, মেডেল প্রদান করা যাবে;
- জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিযোগিকে সনদ ও মেডেল দেয়া হবে।

**১৫. সংশোধন:**

প্রতিযোগিতা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনবোধে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নির্দেশিকার সঙ্গে সঙ্গতি রেখে যে কোনো নিয়ম/কানুন সংশোধন/সংযোজন/পরিবর্তন/পরিবর্ধন করতে পারবে।

**১৬. নির্দেশিকার প্রযোজ্যতা:**

এই নির্দেশিকা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত নজরুল বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতার জন্য প্রযোজ্য হবে।

**১৭. স্পষ্টীকরণ:**

জারিকৃত নির্দেশিকার কোনো অংশ/অনুচ্ছেদ এর বিষয়ে অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তা স্পষ্টীকরণ করবে।

**১৮. হেফাজত ও রহিতকরণ:**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গত ১১ আগস্ট ২০২৬ তারিখের স্মারক নং ৪৩.০০.০০০০.০০০. ১২৪.২৩.০২৪৪.২৬ (অংশ-২).৫৪৯ এর মাধ্যমে প্রেরিত নির্দেশিকা এতদ্বারা রহিত করা হলো। তবে উক্ত নির্দেশিকার আলোকে গৃহীত কার্যক্রম যথারীতি বলবৎ থাকবে।

২৫/০৮/২০২৫

মৌসুমী সরকার রাখী
উপসচিব (অনুষ্ঠান)
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।